

## উপাচার্যের পদত্যাগ দাবি জাবি শিক্ষকরা ফের ধর্মঘটে

■ জাবি সংবাদদাতা  
আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের  
(জাবি) উপাচার্য অধ্যাপক  
আনোয়ার হোসেনের পদত্যাগ  
দাবিতে আবারও শিক্ষক সমিতি  
অনির্দিষ্টকালের সর্বাঙ্গিক ধর্মঘট ও  
কর্মবিরতি শুরু করেছে। ১৩ দিনের  
আন্দোলনে টায় শেবে আজ থেকে  
পূর্বনির্ধারিত এ কর্মসূচি পালন  
করবে শিক্ষক সমিতি। গতকাল  
সমিতির সাধারণ সম্পাদক  
অধ্যাপক পরিফ উদ্দিন  
সাংবাদিকদের এ তথ্য জানান। গত  
১৩ দিনের পৃষ্ঠা ১৫ কলাম ৮

### জাবি শিক্ষকরা

[প্রথম পৃষ্ঠার পর]

উপাচার্য কর্তৃক দুই শিক্ষক দাখিল  
ও শিক্ষকদের ওপর শাসনা  
ছাত্রলীগের একাংশের  
নেতাকর্মীদের হামলার ঘটনায় এক  
জরুরি সভায় এ কর্মসূচি ঘোষণা  
করে শিক্ষক সমিতি। এই সময়  
উপাচার্য অধ্যাপক আনোয়ার  
হোসেনকে পদত্যাগ করতে গত  
রোববার পর্যন্ত সময় বেঁধে দেন  
শিক্ষকরা। তিনি পদত্যাগ না করায়  
আজ মঙ্গলবার থেকে পূর্বনির্ধারিত  
ধর্মঘট ও কর্মবিরতি বহাল রেখেছেন  
তারা।

ঈদ ও পূজার ছুটি শেবে আজ  
থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক  
কর্মকর্তাও শুরু হচ্ছে। কিন্তু প্রশাসনিক  
কোনো কর্মকর্তাও অংশ নেবেন না  
বলে জানিয়েছেন আন্দোলনরত  
শিক্ষকরা। তবে ক্লাস শুরু হবে  
আগামী শনিবার থেকে। ইতিমধ্যে  
হলে ফিরতে শুরু করেছেন সাধারণ  
শিক্ষার্থীরা।

সমিতির সাধারণ সম্পাদক  
অধ্যাপক পরিফ উদ্দিন জানান,  
উপাচার্য ও তার পেটোয়া বাহিনী  
কর্তৃক শিক্ষকদের ওপর হামলার  
ঘটনায় শিক্ষক সমিতি বাধ্য হয়ে এ  
কর্মসূচি দিয়েছে। উপাচার্য পদত্যাগ  
না করা পর্যন্ত সর্বাঙ্গিক ধর্মঘট ও  
কর্মবিরতি পালন করা হবে। তিনি  
আরও জানান, শিক্ষকদের ধর্মঘট  
চলাকালে কোনো ধরনের ক্লাস-  
পরীক্ষা অনুষ্ঠিত হবে না। পরিবহন  
স্বাভাবিক ধর্মঘটের আওতাভুক্ত  
থাকবে।

এদিকে শিক্ষক সমিতির  
আন্দোলনের সঙ্গে যুক্ত হয়েছে  
'সাধারণ শিক্ষক ফোরাম'।  
ফোরামের সদস্য সচিব অধ্যাপক  
কামরুল আহমান বলেন,  
উপাচার্যকে প্রত্যাহার না করা হলে  
শিক্ষক সমিতির সঙ্গে আমন্ত্রণ  
যৌথভাবে আন্দোলন করবে।